গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)-এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ভবন নং- ৪, ৫ম তলা)
www.coa-revenue.gov.bd

**বিষয় ঃ হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির লক্ষ্যে গঠিত কমিটির ২৮/০৩/২০১৯খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।**

ভূমি মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা সংস্থা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক উত্থাপিত বিপুর সংখ্যক অনিস্পন্ন অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি লক্ষ্যে গঠিত কমিটির এক সভা ২৮/০৩/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় যুগ্মসচিব (বাজেট ও অডিট) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

২। সভায় হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), জনাব মোঃ মশিউর রহমান এবং হিসাব রক্ষণ কর্মকর্তা, জনাব সুশীল চন্দ্র ঘোষ উপস্থিত ছিলেন। কমিটির অন্য সদস্য উপসচিব (মাঠ প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয় বিদেশে থাকায় সভায় উপস্থিত থাকতে পারেননি।

৩। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) কে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহবান জানান। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) সভাকে জানান, অভ্যন্তরীণ নিরীক্ষা সংস্থা হিসেবে অত্র দপ্তরের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীণ রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট বিভাগের অফিসসমূহের নিরীক্ষা কার্যসহ বোর্ড এবং দপ্তর/অধিদপ্তরের নিরীক্ষা কার্য অর্থবছরওয়ারী সম্পাদন করা হয়। এ পর্যায়ে সভাপতি অর্থ বছরওয়ারী নিরীক্ষণযোগ্য অফিসের সংখ্যা জানতে চাইলে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) জানান, বোর্ড/দপ্তর/অধিদপ্তরসহ ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট বিভাগের ৪৯৮৮টি অফিসের নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়।

৪। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) সভাকে আরও জানান, জেলায় কর্মরত নিরীক্ষা দল অডিট কার্য শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অডিট রিপোর্ট দাখিল করেন। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক যে সকল অফিসের নিরীক্ষা কার্য অর্থবছরওয়ারী সম্পাদন করা হয় উহার বিবরণ নিম্নরূপ ঃ

| নিরীক্ষণযোগ্য অফিসের শ্রেণীবিন্যাস | নিরীক্ষণযোগ্য অফিসের নাম | নিরীক্ষণযোগ্য হিসাবের নাম | নিরীক্ষণযোগ্য হিসাবের সংখ্যা | প্রতিবছর অডিট রিপোর্টের সংখ্যা |
|---|---|---|---|---|
| ম্যানেজমেট সাইট | জেলা প্রশাসকের কার্যালয় | এস.এ শাখা | ৬৪ টি | ৬৪ টি |
| | | এল.এ শাখা | ৬৪ টি | ৬৪ টি |
| | | ভি.পি শাখা | ৫৮ টি | ৫৮ টি |
| | জেলা প্রশাসক এর কার্যালয়, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পাবর্ত্য জেলা | মৌজা হেড ম্যান হিসাব-২৫<br>উপজেলা ভূমি অফিস-২৫ | ৫০ টি | ২৫ টি |
| | | চীফ হিসাব | ০২ টি | ০২ টি |
| | উপজেলা ভূমি অফিস/ সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় | ভি.পি শাখা | ৪৬৪ টি | ৪৬৪ টি |
| | | উপজেলা/থানা ভূমি অফিস | ৪৮৬ টি | ৪৮৬ টি |
| | | ইউনিয়ন ভূমি অফিস | ৩৪৭১ টি | |
| সেটেলমেন্ট সাইট | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ০১ টি | ০১ টি |
| | | সেটেলমেন্ট প্রেস | ০১ টি | ০১ টি |
| | | দিয়ারা সেটেলমেন্ট অফিস | ০৪ টি | ০৪ টি |
| | | জোনাল সেটেলমেন্ট অফিস | ১৬ টি | ১৬ টি |
| | | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিস | ২৯৩ টি | ৪৬ টি |
| ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বোর্ড/ দপ্তর/ অধিদপ্তর | ভূমি সংস্কার বোর্ড | ভূমি সংস্কার বোর্ড | ০১ টি | ০১ টি |
| | | বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার এর কার্যালয় | ০৭ টি | ০৭ টি |
| | | ভাওয়াল রাজ কোর্ট অব ওয়ার্ডস | ০১ টি | ০১ টি |
| | | ঢাকা নওয়াব কোর্ট অব ওয়ার্ডস | ০১ টি | ০১ টি |
| | ভূমি আপীল বোর্ড | ভূমি আপীল বোর্ড | ০১ টি | ০১ টি |
| | ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ০১ টি | ০১ টি |
| | ভূমি মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়ের ভি.পি শাখা | ০১ টি | ০১ টি |
| | | ভাষানটেক প্রকল্প | ০১ টি | ০১ টি |
| | | সর্বমোট= | **৪৯৮৮টি** | **১২৪৫টি** |

(চলমান পাতা/০২)

৫। প্রতি অর্থবছরে ভূমি মন্ত্রণালয়াধীন বোর্ড/দপ্তর/অধিদপ্তরসহ ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট বিভাগের ৪৯৮৮টি অফিসের নিরীক্ষা কার্য সম্পাদন শেষে বছরে ১২৪৫টি অডিট রিপোর্ট সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা হয়। এছাড়া বছরে প্রায় শতাধিক বিশেষ অডিট রিপোর্টি দাখিল করা হয়ে থাকে। সভাপতি অডিট আপত্তির নিষ্পত্তির বিষয় জানতে চাইলে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) সভাকে জানান, চার্টার অব ডিউটিজ অনুযায়ী উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেল অফিস ও উহার আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের সাধারণ অডিট রির্পেটি বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ ব্রডশীট জবাবের আলোকে নিষ্পত্তি করে থাকেন। অন্যদিকে বিশেষ অডিট আপত্তিসহ জেলা প্রশাসকের কার্যালয়ের এস,এ ; এল,এ ; ভি,পি শাখার অডিট আপত্তি হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) কর্তৃক নিষ্পত্তি করা হয়। প্রতি বছর দাখিলকৃত ১২৪৫টি অডিট রিপোর্টের বিপরীতে যথাসময়ে ব্রডশীট জবাব না পওয়ার কারণে আশানুরূপ অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব হয় না। ফলে দিন দিন অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

৬। বছরওয়ারী দাখিলকৃত ১২৪৫টি অডিট আপত্তির মধ্যে অর্পিত সম্পত্তির তহবিল হিসাব সম্পর্কিত অডিট আপত্তির সংখ্যা ৫২২টি। এ সকল অডিট আপত্তি পর্যালোচনায় দেখা যায়- বেশিরভাগ আপত্তিই লীজমানির দাবী ও অনাদায় সম্পর্কিত। অর্থবছরওয়ারী অডিট শেষে রিপোর্ট দাখিল করার বাধ্যবাধকতা থাকার কারণেই এ ধরনের অডিট রিপোর্ট দাখিল করা হয়। তাই অর্পিত সম্পত্তির তহবিল হিসাব সম্পর্কিত যে সকল অডিট আপত্তিতে আর্থিক তছরূপ ও গুরুতর অনিয়ম নেই এবং বহু বছর পূর্বের আপত্তি সেগুলো নিষ্পত্তির ক্ষেতে একটি তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

৭। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং উহার আওতাধীন ১৬টি জোনাল সেটেলমেন্ট অফিস ও ২৯৩টি উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসের নিরীক্ষা কার্য শেষে বছরওয়ারী ৬৮টি অডিট রিপোর্ট দাখিল করা হয়। এ সকল অডিট আপত্তির বিষয়ে দ্রুত ব্রডশীট জবাব প্রেরণের জন্য বারংবার তাগিদ প্রদানের প্রস্তাব গৃহীত হয়।

৮। রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ে ম্যানেজমেন্ট বিভাগের ৪৮৬টি উপজেলা ভূমি অফিস এবং উহার আওতাধীন ৩৪৭১টি ইউনিয়ন ভূমি অফিসের নিরীক্ষা কার্য শেষে বছরওয়ারী ৪৮৬টি অডিট আপত্তি দাখিল করা হয়। ম্যানেজমেন্ট বিভাগের ইউনিয়ন ভূমি অফিস ও উপজেলা ভূমি অফিসের মাধ্যমে ভূমি উন্নয়ন কর এবং বিভিন্ন ধরনের লীজ ও ইজারা মানি আদায় করা হয়। অর্থাৎ নগদ অর্থের লেনদেন হওয়ায় ম্যানেজমেন্ট বিভাগের অফিসসমূহের নিরীক্ষা কার্য অধিকতর গুরুত্বপূর্ণ। অভ্যন্তরীণ নিরীক্ষা সংস্থা হিসেবে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের প্রধান কাজ হলো গুরুত্ব সহকারে ম্যানেজমেন্ট বিভাগের অফিসসমূহের নিরীক্ষা কার্য সম্পাদন করা। এ সকল অফিসের অডিট রিপোর্টে বিধিগত অনিয়ম, গুরুতর আর্থিক অনিয়ম ও তছরূপের ঘটনা পরিলক্ষিত হয়। তাই এ ধরনের অডিট রিপোর্ট স্থানীয় প্রশাসনের ব্রডশীট জবাবের আলোকে নিষ্পত্তি করতে হয়। অনেক সময় দেখা যায় সহকারী কমিশনার (ভূমি) ব্রডশীট জবাব প্রণয়নে অহেতু বিলম্ব করেন। এছাড়া সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রস্তুতকৃত ব্রডশীট জবাব জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রেরণ করা হয় বিধায় জবাব প্রাপ্তিতে বিলম্ব ঘটে।

৯। কমিটির সদস্য জনাব সুশীল চন্দ্র ঘোষ, হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয় বলেন, হাট বাজার সায়রাত মহলের ইজারার মূল্যের উপর ৫% সালামীর টাকা ৭-ভূমি রাজস্ব খাতে জমা হওয়ার কথা কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন সিটি কর্পোরেশন/পৌরসভা হাট বাজারের ইজারা মূল্য শতভাগ ব্যয় করে থাকেন। ভূমি মন্ত্রণালয়ের প্রাপ্য ৫% সালামীর টাকা পরিশোধ করেন না। ফলে ভূমি মন্ত্রণালয় বিপুল পরিমাণ রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের নিরীক্ষা দল অডিট আপত্তির মাধ্যমে হাট বাজারের ইজারা মূল্যের ৫% সেলামীর টাকার বিষয়টি কর্তৃপক্ষের নজরে আনলে এ খাত থেকে ভূমি মন্ত্রণালয় বিপুল পরিমাণ রাজস্ব পাবে।

(চলমান পাতা/০৩)

১০। সভায় ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন রাজস্ব প্রশাসনের ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট বিভাগের অফিসসমূহের অর্থ বছরওয়ারী দাখিলকৃত অডিট রিপোর্ট দ্রুত নিষ্পত্তিকরণে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয় ।

(ক) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ বিভিন্ন জেলা সফরকালীন সময়ে সংশ্লিষ্ট জেলার অডিট আপত্তি নিয়ে স্থানীয় প্রশাসনের সাথে আলাপ-আলোচনা করে ব্রডশীট জবাব আনয়নের ব্যবস্থা করবেন।

(খ) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ প্রতি মাসে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে অনুষ্ঠিত রাজস্ব সম্মেলনে যে সকল জেলার অডিট আপত্তির ব্রডশীট জবাব দীর্ঘদিন যাবৎ পাওয়া যায়নি সে সকল অডিট আপত্তির বিষয়ে বিভাগীয় কমিশনারের মাধ্যমে উপস্থিত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করবেন।

(গ) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)গণ প্রতি মাসে জেলা প্রশাসক কার্যালয়ে অনুষ্ঠিত রাজস্ব সম্মেলনে যে সকল উপজেলার অডিট আপত্তির ব্রডশীট জবাব দীর্ঘদিন যাবৎ পাওয়া যায়নি সে সকল অডিট আপত্তির বিষয়ে জেলা প্রশাসকের মাধ্যমে উপস্থিত সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণের দৃষ্টি আকর্ষণ করবেন।

(ঘ) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)গণ অর্থবছরওয়ারী অডিট কার্য শুরুর পূর্বে পূর্ববর্তী বছরের অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে কিনা সে বিষয়ে খোজ-খবর নিবেন এবং জবাব প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনের সাথে আলোচনা করবেন।

(ঙ) গুরুতর আর্থিক অনিয়ম ও সরকারি অর্থ আত্মসাৎ সম্পর্কিত বিশেষ অডিট প্রতিবেদন নিষ্পত্তির বিষয়ে স্থানীয় প্রশাসন ব্রডশীট জবাব প্রেরণ না করলে এ ব্যাপারে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(চ) অর্পিত সম্পত্তি তহবিল সম্পর্কিত যে সকল অডিট আপত্তিতে গুরুতর আর্থিক অনিয়ম নেই এবং দীর্ঘ বহু বছরের পুরাতন ; এ ধরনের অডিট আপত্তির তালিকা প্রস্তুত করে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

(ছ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং উহার আওতাধীন ১৬টি জোনাল সেটেলমেন্ট অফিস ও ২৯৩টি উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসের নিরীক্ষা কার্য শেষে বছরওয়ারী দাখিলকৃত অডিট রিপোর্ট দ্রুত নিষ্পত্তির জন্য ব্রডশীট জবাব প্রেরণের জন্য সংশ্লিষ্টদের বারংবার তাগিদ পত্র প্রদান করবেন।

১১। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুশফিক আহমদ শামীম)
যুগ্মসচিব (বাজেট ও অডিট)
ও
সভাপতি
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক উত্থাপিত
অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি বিষয়ক কমিটি।

বিতরণ ঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (সকল)।